

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়
গাজীপুর।

স্মারক নং-৫২.০১.৩৩০০.০০০.০১.০০১.২২-০৫৪৫

তারিখ: ০১ ভাদ্র ১৪৩০
১৬ আগস্ট ২০২৩

বিষয়: জেলা পরিসংখ্যান অফিস, গাজীপুর এর অধীন সকল উপজেলা এবং মেট্রো থানা পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন জেলা পরিসংখ্যান অফিস, গাজীপুর এর অধীন উপজেলা এবং মেট্রো থানা পর্যায়ে কার্যক্রম আরও গতিশীল করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

০১। জেলা পরিসংখ্যান অফিস, গাজীপুর এর অধীন সকল উপজেলা এবং মেট্রো থানা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সময়মত অফিসে উপস্থিতি নিশ্চিত করবেন। উপপরিচালক- কে অবহিত করে উপজেলা এবং মেট্রো থানা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ ভ্রমণে বের হবেন। জরুরী প্রয়োজনে অনেক সময় জেলা পরিসংখ্যান অফিস থেকে উপজেলা এবং মেট্রো থানা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে ফোন করে পাওয়া যায় না। উপজেলা এবং মেট্রো থানা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে ফোন রিসিভ এর বিষয়টি নিশ্চিত করতে হবে। ব্যক্তিগত প্রয়োজনে ছুটির আবশ্যিক হলে আবেদন সাপেক্ষে ছুটিতে যেতে হবে।

০২। উপজেলা এবং মেট্রো থানা পর্যায়ের মোটর সাইকেল/স্কুটি নিজ নিজ কর্মক্ষেত্রের বাইরে উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ব্যবহার করা যাবে না এবং মোটর সাইকেল/স্কুটি অবশ্যই স্টেশনে রাখতে হবে এবং মোটর সাইকেল/স্কুটি কাগজপত্র আপডেট রাখতে হবে।

০৩। প্রধান/অপ্রধান ফসলের সকল রিপোর্ট সঠিক সময়ে রুপ ক্যালেন্ডার অনুযায়ী প্রেরণ করতে হবে। রিপোর্ট প্রেরণের পূর্বে অবশ্যই বিগত মাস/বছরের রিপোর্ট এর সাথে মিল রেখে পাঠাতে হবে। প্রধান ফসলের জমির পরিমাণ এবং ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান (তফসিল-৯) এর জমির পরিমাণ অবশ্যই এক হতে হবে। উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সকল রিপোর্ট যাচাই পূর্বক জেলা অফিসে প্রেরণ সুনিশ্চিত করবেন।

০৪। প্রতি মাসের ৪/৫ তারিখে জেলা পরিসংখ্যান অফিসে সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। সকল উপজেলা এবং মেট্রো থানা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে বাধ্যতামূলক উপস্থিত থাকতে হবে (তারিখ ও সময় জানিয়ে দেওয়া পূর্বক)।

০৫। এসভিআরএস এর মাঠ পর্যায়ে কাজ চলাকালীন সময়ে সরেজমিনে কাজ তদারকির বিষয়টি সুনিশ্চিত করতে হবে।

০৬। অফিসের টিএন্ডটি ফোনটি সচল রাখতে হবে।

০৭। অফিসের স্টক রেজিস্ট্রারসমূহ আপডেট রাখতে হবে।

০৮। উপজেলা অফিসগুলোতে নিয়মিত হাজিরা খাতা মেইনটেইন করতে হবে।

০৯। উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বাজেট যাচাই পূর্বক নির্ভুলভাবে জেলা অফিসে প্রেরণ সুনিশ্চিত করবেন।

মাহনুমা রহমান
মাহনুমা রহমান ১৬/০৮/২৩
উপপরিচারক

ফোন: ৪৯২৭৩১৪৭

মোবাইল: ০১৫৫০০৪১৩৬১

dddsoobs.gazipur@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা/থানা পরিসংখ্যানবিদ.....(গাজীপুর

সদর/কালিয়াকৈর/শ্রীপুর/কাপাসিয়া/কালিগঞ্জ/টঙ্গী মেট্রো থানা)

০২। অফিস কপি।